



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্ট্রেন্‌দেনিং রিডিং হ্যাবিট অ্যান্ড রিডিং স্কিলস অ্যামাং সেকেন্ডারি স্টুডেন্টস স্কিম  
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
কক্ষ নম্বর: ১০৭ ব্লক: এ  
Email: srhrsp2021@gmail.com

স্মারক ন. এসইডিপি.এসআরএইচ.কর্মসূচির বই.১৬.২০২১/ ৭

তারিখ: ১৭.০৬.২০২১ খ্রি.

বিষয়: পুস্তক সংগ্রহের নীতিমালা ও বই তালিকাভুক্তির বিজ্ঞপ্তি'র কতিপয় শর্ত সংশোধন প্রসঙ্গে।

- সূত্র: ১. এসইডিপি.এসআরএইচ.কর্মসূচির বই.১৬.২০২১/৪৫ তারিখ: ২৭ মে ২০২১খ্রি.  
২. এসইডিপি.এসআরএইচ.কর্মসূচির বই.১৬.২০২১/৫৫ তারিখ: ০৬ জুন ২০২১খ্রি.  
৩. নম্বর: ৩৭.০০.০০০০.০৮১.৮১.০০১.১৮-২০৯ তারিখ: ১৩ জুন ২০২১ খ্রি.  
৪. নম্বর: ৩৭.০০.০০০০.০৮১.৮১.০০৩.১৯-২২৩ তারিখ: ১৭ জুন ২০২১ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বিগত ২৭ মে ২০২১ খ্রি. তারিখ স্কিমের বই তালিকাভুক্তির নিমিত্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এবং দৈনিক ইত্তেফাক ও The Financial Express পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি ও নীতিমালার কতিপয় শর্তে নিম্নলিখিতভাবে সংশোধন আনা হয়েছে।

বিজ্ঞপ্তি

প্রকাশিত বিজ্ঞপ্তি'র শর্ত	সংশোধিত শর্ত
(ক) একজন লেখক বা একটি প্রকাশনা সংস্থা সর্বোচ্চ ৫টি (পাঁচ) বই প্রস্তাব করতে পারবে।	লেখকের নিজস্ব প্রকাশনা সংস্থা থাকলেই তিনি বই প্রস্তাব করতে পারবেন। অন্য প্রকাশকের বই লেখক নিজ নামে প্রস্তাব করতে পারবেন না। একটি প্রকাশনা সংস্থা সর্বোচ্চ ১০টি (দশ) বই প্রস্তাব করতে পারবে।
(খ) আগ্রহী প্রকাশনা প্রতিষ্ঠানের অবশ্যই হাল নাগাদ আয়কর সনদ, ট্রেড লাইসেন্স/প্রকাশনা লাইসেন্স থাকতে হবে। লেখকের ক্ষেত্রে কেবল আয়কর সনদ প্রযোজ্য হবে।	আগ্রহী প্রকাশনা প্রতিষ্ঠানের অবশ্যই হাল নাগাদ আয়কর সনদ, ট্রেড লাইসেন্স/প্রকাশনা লাইসেন্স থাকতে হবে। লেখকের ক্ষেত্রেও নিজস্ব প্রকাশনা সংস্থার ট্রেড লাইসেন্স/প্রকাশনা লাইসেন্স প্রযোজ্য হবে।

পুস্তক সংগ্রহের নীতিমালা

অনুমোদিত নীতিমালা'র শর্ত	সংশোধিত শর্ত
ধারা ১৮: কর্মসূচি বইয়ের পৃষ্ঠা সংখ্যা সর্বোচ্চ ২০০ পৃষ্ঠার মধ্যে হতে হবে, তবে বিষয় ও মান বিবেচনায় পৃষ্ঠাসংখ্যা সামান্য হ্রাস-বৃদ্ধি হতে পারে।	'সর্বোচ্চ' শব্দটি বাদ দিতে হবে।
ধারা ২১: যেসব বইয়ের ক্ষেত্রে লেখকের স্বত্ব প্রযোজ্য সেসব বই প্রস্তাব করার ক্ষেত্রে লেখকের সাথে প্রকাশকের স্ট্যাম্পে লিখিত চুক্তি থাকতে হবে এবং চুক্তির কপি বইয়ের সাথে দাখিল করতে হবে।	শুধুমাত্র কার্যাদেশ প্রদানকৃত বইয়ের লেখক ও প্রকাশকের সাথে স্ট্যাম্পে লিখিত চুক্তিপত্র জমা দিতে হবে।

 ১৭.০৬.২১

(ড. আছিছুল আহছান কবীর)  
উপপরিচালক  
ফোন: ৯৫৫৪৫৬৫

অনুলিপি:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. ফোকাল পার্সন (পিসিইউ-এসইডিপি), শিক্ষা ভবন, ঢাকা।
৩. সংরক্ষণ নথি।